

# কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ১৩-০৪-২০২৩

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (১০-০৪-২০২৩ থেকে ১২-০৪-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

## উক্ত সময়ের মধ্যে:

১০ এপ্রিল: পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): নেই

১১ এপ্রিল: পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): নেই

১২ এপ্রিল: গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুর এবং দক্ষিণ ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় তাপ প্রবাহের পরিস্থিতি ছিল। পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): নেই

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ): উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৩২ থেকে ৭৩ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ২৭ থেকে ৮৩ শতাংশ।

সর্বোচ্চ তাপমাত্রা: উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে ১২-০৪-২০২৩ তারিখে বাঁকুড়ায় সর্বোচ্চ তাপমাত্রা ৪০.২ ডিগ্রী সেলসিয়াস ছিল।

## দিনের সর্বোচ্চ তাপমাত্রা

তারিখ	স্বাভাবিক	স্বাভাবিকের থেকে			
		২-৪ ডিগ্রি সেলসিয়াস কম	৫-৬ ডিগ্রি সেলসিয়াস কম	২-৪ ডিগ্রি সেলসিয়াস বেশী	৫-৬ ডিগ্রি সেলসিয়াস বেশী
		জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম
১০-০৪-২০২৩	বালুরঘাট, বহরমপুর, মেদিনীপুর, আলিপুর	--	--	দার্জিলিং, কালিম্পং, কোচবিহার, মালদা, কৃষ্ণনগর, দমদম, কাঁথি, দীঘা	--
১১-০৪-২০২৩	বালুরঘাট, বহরমপুর, কৃষ্ণনগর, মেদিনীপুর, দীঘা	--	--	দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, মালদা, আলিপুর, দমদম, কাঁথি	--
১২-০৪-২০২৩	কোচবিহার, বালুরঘাট, বহরমপুর, কৃষ্ণনগর	--	--	দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, মালদা, আলিপুর, দমদম, কাঁথি, দীঘা	--

### পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

#### ১৩ এপ্রিল (দিন ১) -

পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। পশ্চিমবঙ্গে আগামী ৩ দিন, দিনের তাপমাত্রা ২-৩ ডিগ্রী সেলসিয়াস বাড়বে।

#### ১৪ এপ্রিল (দিন ২)-

পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

**১৫ এপ্রিল (দিন ৩) -**

পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

**সতর্কীকরণ:****১৩এপ্রিল (দিন ১) -**

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, হুগলী, পূর্ব বর্ধমান এবং কলকাতা জেলার দুয়েক জায়গায় তাপপ্রবাহের পরিস্থিতি হওয়ার সম্ভাবনা আছে।

**১৪ এপ্রিল (দিন ২)-**

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কয়েক জায়গায় তাপপ্রবাহের পরিস্থিতি হওয়ার সম্ভাবনা আছে।

**১৫ এপ্রিল (দিন ৩) -**

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কয়েক জায়গায় তাপপ্রবাহের পরিস্থিতি হওয়ার সম্ভাবনা আছে।

**পরবর্তী ২ দিনের অনুমান :** সামান্য পরিবর্তন হবে।

*সুজাতা সর্*

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর, কলকাতা-২৭

১৩-০৪-২০২৩